UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)
ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)
(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@gmail.com Website: www.updfcht.com

***Ref:*** ***Date:*** *১৮ জুলাই ২০২৫*

প্রেস বিজ্ঞপ্তি

## কারা হেফাজতে ভান লাল রোয়াল বমের মৃত্যু পরিকল্পিত হত্যাকাণ্ডঃ ইউপিডিএফ

গতকাল ১৭ জুলাই ২০২৫ চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারে বিনা বিচারে আটকাবস্থায় ভান লাল রোয়াল বম (৩৫) নামে এক পাহাড়ির মৃত্যুকে পরিকল্পিত রাষ্ট্রীয় হত্যাকাণ্ড বলে অভিহিত করে অবিলম্বে দায়িদের বিরুদ্ধে পদক্ষেপ গ্রহণের দাবি জানিয়েছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।

আজ ১৮ জুলাই ২০২৫ শুক্রবার সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে ইউপিডিএফের কেন্দ্রীয় সিনিয়র সদস্য সচিব চাকমা এই দাবি জানান।

তিনি বলেন, 'চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারে বম জাতিগোষ্ঠীভুক্ত বন্দিদের একের পর পর হেফাজতী মৃত্যু কোন স্বাভাবিক ঘটনা নয় এবং ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকার কোনভাবেই এর দায় এড়াতে পারে না।

'ভান লাল রোয়াল বমের মৃত্যু ছিল একই কারাগারে তৃতীয় হেফাজতী মৃত্যুর ঘটনা, যা যে কোন বিবেকবোধ সম্পন্ন মানুষকে উদ্বিগ্ন না করে পারে না। ইতিপূর্বে ১৫ মে লাল ত্লেং কিম বম (৩০) ও ১ জুন লালসাং ময় বম (৫৫) কর্তৃপক্ষের অবহেলায় সুচিকিৎসার অভাবে চট্টগ্রাম কারাগারে বন্দী অবস্থায় মৃত্যুবরণ করেছিলেন।'

ইউপিডিএফ নেতা কারা কর্তৃপক্ষের দৃশ্যত ইচ্ছাকৃত অবহেলায় আটক বমদের মৃত্যুকে পার্বত্য চট্টগ্রামে পাহাড়িদের বিরুদ্ধে রাষ্ট্রের পরিচালিত জাতিগত নিধন বা এথনিক ক্লিনজিং নীতির অংশ বলে মন্তব্য করেন এবং কারাগারে বম বন্দিদের হেফাজতী মৃত্যু তথা পরিকল্পিত হত্যাকাণ্ড বন্ধে সংশ্লিষ্ট কারা কর্তৃপক্ষের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের দাবি জানান।

এছাড়া তিনি অবিলম্বে মিথ্যা মামলায় কারাগারে আটক বমদেরসহ ইউপিডিএফ নেতাকর্মীদের নিঃশর্ত মুক্তি দেয়ারও দাবি জানান।

বার্তা প্রেরক

নিরনচাকমা

**নিরন চাকমা**
প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।